

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৯১.১৬-১১

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.
০১ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৭৪০/২০১৬ মামলায় গত ১৫/১০/২০১৮ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ দায়েরসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শা:৪/১জি-৪/২০০৪/২৯৩, তারিখ: ০৯/০৬/২০০৪ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শা:৪/১জি-৪/২০০৪/২০০৪(পার্ট-১)/৩৬০, তারিখ: ২১/০৭/২০০৪ খ্রি.
(৩) সুপার. পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ এর আবেদন তারিখ: ১৯/০৬/২০১৯ খ্রি.
(৪) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৯১.১৬-৫২০, তারিখ: ১৪/১০/২০১৯ খ্রি.
(৫) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৬.১৯-৩৫৪, তারিখ: ০৪/১১/২০১৯ খ্রি.
(৬) সুপার. পসার সামাদিয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ এর পক্ষে প্রেরিত কনটেম্পট নোটিশ, তারিখ: ১৮/১২/১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় হতে ০৯/০৬/২০০৪ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসাটি এমপিও তালিকাভুক্ত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয় হতে ২১/০৭/২০০৪ তারিখে জারীকৃত (২) নং স্মারকমূলে প্রকাশিত এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়।

২। ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার জনাব মো: আজিজুল হক কর্তৃক সংক্ষুব্ধ হয়ে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় বিগত ১৫/১০/২০১৮ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-

" We find merit in the rule. In the result, the Rule is made absolute. The impugned memo No sim/sha-4/1G-4/2004(part-1) 360 dated 21.07.2004 issued under the signature of the Deputy Secretary, Section-4, Ministry of Education so far as it relates to cancellation of the MPO facility of Pasar Samadia Dakhil Madrasha, Gouripur, District-Mymensingh is hereby declared to have been passed without any lawful authority and is no legal effect and Respondent No 1 and 4 are directed to include the said Madrasha in the MPO list subject to fulfillment of the conditions as laid down in the নির্দেশিকা, ২০১০. This direction is to be completed within 3 (three) months from the date of receipt of the copy of this judgment and order".

৩। উল্লিখিত রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়ের সার্টিফাইড কপি সহ আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির দাবীতে উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক গত ১৯/০৬/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়।

৪। উল্লেখ্য উক্ত রিট মামলার রায়/নির্দেশনা সরকারের প্রতিকূলে ঘোষিত হওয়ায় এবং রায় অনুযায়ী পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ প্রতিষ্ঠানটি এমপিওভুক্তকরণের সাথে সরকারের আর্থিক সংশ্লেষ থাকায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিড টু আপিল মামলা দায়ের হওয়া আবশ্যিকতা রয়েছে।

৫। সে প্রেক্ষিতে রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে কোন আপিল মামলা দায়ের করা হয়ে থাকলে তার হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরীভিত্তিতে সিপিএলএ দায়েরক্রমে টিএমইডি-কে অবহিত করার জন্য গত ১৪/১০/২০১৯ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে মহাদয়-কে অনুরোধ করা।

৬। উক্ত পত্রের প্রেক্ষিতে ডিএমই হতে রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ দায়েরের নিমিত্ত ডিএমই এর বিজ্ঞ প্যানেল আইনজীবীকে গত ০৪/১১/২০১৯ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে অনুরোধ জানানো হয়েছে মর্মে অনুলিপি হতে অনূমিত হয়।

৭। কিন্তু পিটিশনার কর্তৃক ১৯/০৬/২০১৯ তারিখে দাখিলকৃত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় এক্ষণে রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের আলোকে পিটিশনারের প্রতিষ্ঠানটি (পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ) নোটিশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে এমপিওভুক্তকরণের দাবীতে সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (৬) নং কনটেম্পট নোটিশ প্রেরণ করা হয়েছে।

৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সিপিএলএ দায়ের হয়ে থাকলে এর সর্বশেষ তথ্যাদি, সিপিএলএ দায়ের না হয়ে থাকলে জরুরীভিত্তিতে সিপিএলএ দায়েরক্রমে তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ১২/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক সিএলএ)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। অফিস কপি/মাস্টার কপি।